



হামলার পর থানায় গেলে মামলা নেয়নি পুলিশ: নাসীরুদ্দীন পাটওয়ারী



নাসিরুদ্দীন পাটওয়ারী। ছবি: সংগৃহীত

বিনাইদহে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর অতর্কিত হামলার ঘটনায় নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে। শুক্রবার (২২ মে) জুমার নামাজের পর ঘটনাটি ঘটে বলে দাবি করেন তিনি। পরে তিনি থানায় মামলা করতে গেলে সেটি গ্রহণ করা হয়নি বলেও অভিযোগ করেন এই নেতা। শুক্রবার নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে তিনি বলেন, বিচার চেয়ে থানায় গিয়েছি, কিন্তু মামলা নেওয়া হচ্ছে না। এর আগে আরেক পোস্টে নাসীরুদ্দীন পাটওয়ারী দাবি করেন, পূর্বনির্ধারিত কর্মসূচি অনুযায়ী জেলা প্রশাসকের বাসভবনের বিপরীতে পৌর কালেক্টর জামে মসজিদে জুমার নামাজ শেষে বের হওয়ার পরই হামলা শুরু হয়। তার ভাষায়, ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীরা পুলিশের উপস্থিতিতেই এই হামলা চালায়। তিনি আরও জানান, প্রথমে ডিম ও ইট-পাটকেল নিক্ষেপ করা হয়, এরপর হকিস্টিক দিয়ে আঘাত করা হয়। এতে তিনজনের মাথা ফেটে যায় এবং কয়েকজন আহত হন। তাকেও লক্ষ্য করে কিল-ঘুঘি মারা হয় বলে দাবি করেন তিনি। এনসিপি নেতা আরও অভিযোগ করেন, হামলাকারীরা তাদের মোবাইল ফোন, ক্যামেরা ও মানিব্যাগ ছিনিয়ে নেয়। ঘটনার পর তারা থানায় অবস্থান করলেও নতুন করে থানার সামনে আবার হামলার প্রস্তুতি চলছে বলেও আশঙ্কা প্রকাশ করেন তিনি।